

অতীতে তাকালে

ফাণ্ডন রয়েছে রাঙা
পলাশের কুঁড়ি সহসা উঠেছে জু'লে,
মন্দির আধ ভাঙা--
মৌমাছি দল উতলা আমের বোলে ।

চৈত্রে চড়কে উড়েছে আকাশে ঘুড়ি
নীল শৈশব পেয়ারা ও জামলে---
বালিকা গৌরী মেয়ের সবুজ চুড়ি
ভালোবেসে গাঢ় এখনো রয়েছে ভুলে ।

পুরাতন কোঠাবাড়ি
অপূর্ব এক মধুর মহিমা পায়,
চাপা রঙ বালিয়াড়ি
বেড় দিয়ে এক ভী নদী বয়ে যায় !

অপরাপ প্রেম সহসা করবী ডালে
জুলে উঠে নিভে গিয়েছে আবেগভরে,
কণ বার্তা লেগেছে মনের পালে---
রাঙা ফাণ্ডন বারে ॥

বিনোদ বেরা।

